
দৈনিক জনকণ্ঠ

তারিখ ... FEB 06 200?
পৃষ্ঠা 7 কলাম 5

26



## আমার ভাইয়ের রক্তে রাঙানো

স্টাফ রিপোর্টার ॥ ভালবাসি বাংলা ভাষা, ভালবাসি বিশ্বজনের মাতৃভাষা স্লোগান সংবলিত গ্রুপ থিয়েটার ফেডারেশনের জাতীয় পথনাট্যোৎসবের প্রথম দিন ছিল

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

# অমর একুশে গ্রন্থমেলা আজ শুরু ॥ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ আজ রবিবার বাংলা একাডেমী চত্বরে শুরু হচ্ছে ২৪ দিনব্যাপী একুশের বইমেলা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিকাল তিনটায় আনুষ্ঠানিকভাবে বইমেলা উদ্বোধন

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## অমর একুশে গ্রন্থমেলা

(প্রথম পাতার পর)

করবেন।

মহান একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে বিশ্ব স্বীকৃতি লাভের পর একুশের বইমেলা বিশেষ গুরুত্ববহ হয়ে উঠেছে। এবারের উদ্যোগ-আয়োজনও ভিন্ন বৈশিষ্ট্যে মণ্ডিত। বাংলা একাডেমী বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় আয়োজন করেছে 'অমর একুশে গ্রন্থমেলা'। মোট ২১৫টি প্রতিষ্ঠানের ৩১৯টি স্টল থাকছে এবারের মেলায়।

সাত ভাষা শহীদের নামে থাকছে সাতটি চত্বর। এই চত্বরগুলোর নামকরণ করা হয়েছে শহীদ বরকত, রফিক, শফিউর, সালাম, জব্বার, আউয়াল এবং অহিউল্লাহর নামে। এ ছাড়াও মেলা প্রাঙ্গণে থাকবে বাংলা সাহিত্যের দুই কাণ্ডারী রবীন্দ্রনাথ ও কাজী নজরুলের নামে দু'টি চত্বর। মেলা প্রাঙ্গণকে বখাটে, ধূমপান ও পলিথিনমুক্ত ঘোষণা করা হয়েছে। শিশুমেলা নামে এবার শিশুদের জন্য বরাদ্দ করা হয়েছে আলাদা একটি এলাকা। গত বছরের মতো এবারও ওয়েবসাইট রয়েছে বইমেলায়।

উদ্বোধনী অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচার করা হবে। যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের গতকাল শনিবার বইমেলার প্রস্তুতি সরেজমিনে পরিদর্শন করেন। বাংলা একাডেমীর মূল মঞ্চে প্রতিদিন বিকালে থাকবে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বইমেলা রোজ শুরু হবে বিকাল তিনটায়, চলবে রাত ৯টা পর্যন্ত। মেলায় শতকরা ২০ ভাগ কমিশনে বই বিক্রি করা হবে।

## আজ একুশে বইমেলার

● প্রথম পাতার পর

সরাসরি সম্প্রচার করবে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার।

এদিকে যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের বাংলা একাডেমীতে আয়োজিত একুশে বইমেলার সর্বশেষ প্রস্তুতি গতকাল শনিবার সরজমিনে পরিদর্শন করেন। এ সময় বাংলা একাডেমীর মহাপরিচালক ড. সৈয়দ আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

এবারের মেলায় মোট ৩১৯টি স্টলে ২১৫টি সৃজনশীল প্রকাশনা সংস্থা অংশগ্রহণ করছে। মেলা থাকবে সম্পূর্ণ ধূমপান ও পলিথিন ব্যাগ মুক্ত। মেলায় স্থাপিত মূল মঞ্চে প্রতিদিন বিকালে অনুষ্ঠিত হবে আলোচনা, সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রতিদিন বিকাল ৩টা থেকে শুরু হয়ে মেলা চলবে রাত ৯টা পর্যন্ত।

এদিকে বইমেলাকে ধূমপানমুক্ত এলাকা ঘোষণা করায় বিভিন্ন সংগঠন সরকার এবং বাংলা একাডেমী কর্তৃপক্ষকে অভিনন্দন জানিয়েছে। সংগঠনগুলো হলো স্টুডেন্ট এন্টি-স্মোকিং কমিটি সাস্ক, এষা খান স্মৃতি পুরস্কার কমিটি, বন্ধন স্বেচ্ছায় রক্তদান সংস্থা, আধুনিক এবং সংবাদপত্র, সাংবাদিক ও লেখক হামলা প্রতিরোধ ফোরাম।

OF —— SHEETS